ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫১৩১
উদয়পুর,১০ মার্চ,২০২৪

গোমতী জেলা স্পোর্টস কমপ্লেক্সে গ্র্যান্ড স্ট্যান্ডের উদ্বোধন

সরকার ক্রীড়াক্ষেত্রের উন্নয়ন ও ক্রীড়া প্রতিভার বিকাশে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ার উদ্যোগ নিয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। সরকার ক্রীড়াক্ষেত্রের উন্নয়ন ও ক্রীড়া প্রতিভার বিকাশে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ার উদ্যোগ নিয়েছে। আজ গোমতী জেলা স্পোর্টস কমপ্লেক্সে গ্র্যান্ড স্ট্যান্ডের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, যুব শক্তিকে ড্রাগস ও নেশা থেকে দূরে রাখতে খেলাধুলায় উৎসাহিত করা হচ্ছে। নেশামুক্ত ত্রিপুরা গড়ে তুলতে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। যুব সমাজকে নেশার কবল থেকে রক্ষা করতে পারে খেলাধুলা। উল্লেখ্য, এই গ্র্যান্ড স্ট্যান্ডটি নির্মাণে ব্যয় হয়েছে ৪ কোটি ৮০ লক্ষ ১৪ হাজার।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার জন্য কাজ করছেন। তিনি মানুষের আর্থসামাজিক ও পরিকাঠামো উন্নয়নের গ্যারান্টি দিয়েছেন। রাজ্যে ফুটবল, ক্রিকেট, জিমন্যাস্টিক্স, অ্যাথলেটিক্স, হকি, সুইমিং ইত্যাদি ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত কোচের অভাব না হয় সেদিকে লক্ষ্য রেখে রাজ্য সরকার কাজ করছে। মুখ্যমন্ত্রী স্টেট ট্যালেন্ট সার্চ প্রকল্পে ৫২ জন খেলোয়াড়কে এককালীন আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, সম্প্রতি সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসব রাজ্যে সফলভাবে সমাপ্ত হয়েছে। রাজ্যে প্রথমবারের মতো প্যারা গেমসের আয়োজন করা হয়েছে। এতে প্রায় ৩০০ জন দিব্যাঙ্গজন অংশগ্রহণ করেছেন। ২০২১-২২ অর্থবর্ষে রাজ্যে ৫০টি ওপেন জিম নির্মাণের কাজ শুরু হয়েছিল। এরমধ্যে ৩১টি জিমের কাজ সম্পন্ন হয়েছে। বাকিগুলি খুব শীঘ্রই শেষ হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সিন্থেটিক টার্ফ ফুটবল গ্রাউন্ড তৈরি করা হয়েছে। চন্দ্রপুর, জিরানীয়া, মোহনপুর ও খোয়াইয়ে অনুরূপ সিন্থেটিক টার্ফ ফুটবল গ্রাউন্ড নির্মাণ করা হয়েছে। তাছাড়াও গোমতী জেলায় ২০০ শয্যা বিশিষ্ট যুব আবাস নির্মাণ করা হবে।

২-এর পাতায়

অনুষ্ঠানে ক্রীড়া ও যুব কল্যাণমন্ত্রী টিঙ্কু রায় বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতে আধুনিক ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার কাজ চলছে। রাজ্যের ক্রীড়াবিদরা এখন জাতীয় ও আন্তর্জাতিকস্তরে সুনাম অর্জন করছে। ক্রীড়ামন্ত্রী বলেন, রাজ্য সরকার জেলাগুলিতে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। প্রতিভাবান খেলোয়াড়দের আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ।

*****